

নভেম্বর ২০১৬ইং

অসংক্রামক রোগ বিষয়ক গবেষণাসহ নানা কার্যক্রমকে প্রাতিষ্ঠানিক রূপ দিতে শিকাগো ইউনিভার্সিটির  
সাথে সমঝোতা চুক্তি

উচ্চতর শিক্ষা ও গবেষণা বিষয়ে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সাথে শিকাগো ইউনিভার্সিটির সাথে গত ১৭ নভেম্বর ২০১৬ইং তারিখে দ্বিপাক্ষিক সমঝোতা চুক্তি স্বাক্ষর হয়। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের পক্ষে এ চুক্তি স্বাক্ষর করেন অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। শিকাগো ইউনিভার্সিটির পক্ষে স্বাক্ষর করেন এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট ফর মেডিক্যাল এ্যাফেয়ার্স এবং ডীন, ডিভিশন অফ বায়োলজিক্যাল সাইন্সেস প্রফেসর কেনথ এস. পোলোস্কি (prof. Kenneth S. Polonsky)। চুক্তি স্বাক্ষরের সময় শিকাগো ইউনিভার্সিটির অধ্যাপক ডা. হাবিবুল আহসান, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের পাবলিক হেলথ এন্ড ইনফরমেটিকস বিভাগের সহকারী অধ্যাপক ড. মোঃ খালেদুজ্জামান উপস্থিত ছিলেন। এ চুক্তি স্বাক্ষরের ফলে অসংক্রামক রোগ বিশেষ করে ডায়াবেটিস, হৃদরোগ, ক্যান্সার ও পরিবেশ দূষণ সম্পর্কিত স্বাস্থ্য সমস্যা বিষয়ক গবেষণা কার্যক্রম যেমন প্রাতিষ্ঠানিক রূপ পেলো তেমনি অত্র বিশ্ববিদ্যালয়ের উন্নততর চিকিৎসা শিক্ষা, গবেষণা ও প্রশিক্ষণ কার্যক্রমে নতুন দিগন্ত উন্মোচিত হয়েছে। এ চুক্তির আওতায় চলমান পরিবেশ স্বাস্থ্য ও অসংক্রামক রোগ সংক্রান্ত গবেষণার অন্যান্য প্রয়োজনীয় গবেষণা কার্যক্রম পরিচালনার ব্যাপারে ঐক্যমত হয়। শিকাগো বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ, সুদক্ষ ও প্রাজ্ঞ শিক্ষক ও প্রশিক্ষকবৃন্দ বিএসএমএমইউ'র সম্মানিত শিক্ষক, চিকিৎসক ও গবেষকদের কার্যক্ষেত্রে দক্ষতা বৃদ্ধির উদ্দেশ্যে প্রশিক্ষণ প্রদান করবেন। প্রশিক্ষণের কিছু অংশ বিএসএমএমইউতে এবং কিছু অংশ শিকাগো ইউনিভার্সিটিতে অনুষ্ঠিত হবে। অন্যদিকে শিকাগো ইউনিভার্সিটির রেসিডেন্ট শিক্ষার্থীরাও বিএসএমএমইউতে এসে প্রশিক্ষণ নিতে পারবেন। মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান যুক্তরাষ্ট্র সফর কালে শিকাগো ইউনিভার্সিটির ক্যাম্পাসের শিক্ষা কার্যক্রমসহ বিভিন্ন ধরনের কর্মকাণ্ড প্রত্যক্ষ করেন। স্বাভাবিকভাবেই সেখানের অর্জিত অভিজ্ঞতা অত্র বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস কার্যক্রম উন্নয়নে বিশেষ ভূমিকা রাখবে। গুরুত্বপূর্ণ ওই সমঝোতা চুক্তি স্বাক্ষরের ফলে উক্ত ইউনিভার্সিটি থেকে এ বিশ্ববিদ্যালয়ের গবেষকদের উন্নত গবেষণাপত্র জার্নালে প্রকাশের ক্ষেত্রে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে। মাননীয় উপাচার্যের সফর কালে এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট ফর মেডিক্যাল এ্যাফেয়ার্স এবং ডীন, ডিভিশন অফ বায়োলজিক্যাল সাইন্সেস প্রফেসর কেনথ এস. পোলোস্কি (prof. Kenneth S. Polonsky), ড. কনরাডো গিলিয়াম, ডীন, রিসার্চ এন্ড গ্রাজুয়েট এডুকেশন, বায়োলজিক্যাল সাইন্সেস (Dr. Conrad Gilliam, Dean, Research and Graduate Education, Biological Sciences), ড. রেনস্লো শিরার, প্রফেসর, ডিপার্টমেন্ট অফ মেডিসিন-ইনফেকশাস ডিজিজেস এন্ড গ্লোবাল হেলথ (Dr. Renslow Sherer, Prof. Dept. of Medicine Infectious Diseases and Global Health), প্যাথলজি বিষয়ক প্রখ্যাত লেখক প্রফেসর বিনয় কুমারের সাথে গুরুত্বপূর্ণ বিভিন্ন সভা অনুষ্ঠিত হয়। উল্লেখিত স্বনামধন্য প্রাজ্ঞ শিক্ষকবৃন্দ বাংলাদেশে ভ্রমণ ও এ বিশ্ববিদ্যালয়ের সাথে যৌথভাবে কার্যক্রম পরিচালনার আশাবাদ ব্যক্ত করেন। মাননীয় উপাচার্য-এর সাথে শিকাগো ইউনিভার্সিটিসহ শিকাগোতে কর্মরত প্রবাসী বিভিন্ন বাংলাদেশীদের সাথেও একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। এ সকল কার্যক্রম বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের উচ্চতর শিক্ষা, চিকিৎসা ও গবেষণা কার্যক্রমকে আরো গতিশীল করবে।